Vol. 134

Issue 167

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

April - June 2013

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩২ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩২ তম বার্ষিক সাধারণ সভা গত ০৮/০৬/২০১৩ ইং তারিখ হাসপাতাল ক্যাম্পাসে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই বিগত ১ বছর কার্যকালে যেসকল বিশিষ্ট ব্যক্তিবর্গ, হাসপাতালের আজীবন সদস্য/সদস্যা এবং সম্প্রতি রানা প্লাজা সহ বিভিন্ন দুর্ঘটনায় যারা নিহত হয়েছেন তাঁদের মৃত্যুতে শোক প্রস্তাব গৃহীত হয় এবং তাদের আত্মার



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩২ তম বার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোর্শেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব নূর মোহাম্মদ ও ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা।*

মাগফেরাত কামনা ও পরিবারবর্গের প্রতি সমবেদনা জানানো হয়। সভাতে স্বাগত বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান। সভায় ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ ২০১২ ইং সালের হাসপাতালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন। বার্ষিক প্রতিবেদনে তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রম বিশেষ করে উল্লেখিত সময়ের বিশেষ বিশেষ অর্জন সমূহ আজীবন সদস্য/সদস্যাগণের উদ্দেশ্যে তুলে ধরেন। তিনি বিগত ১ বছরে হাসপাতালের উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকান্ড গুলোর বিষয়ে সভায় আলোকপাত করেন। একই সাথে তিনি হাসপাতালের ভবিষ্যৎ পরিকল্পনার বিষয়েও সভাকে অবহিত করেন। তিনি হাসপাতালের উত্তরোত্তর সমৃদ্ধিতে সকলের সহযোগীতা কামনা করেন। কার্যনির্বাহী কমিটির ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা সভাতে হাসপাতালের ২০১২ সালের নিরীক্ষা প্রতিবেদন ও ২০১৩ সালের বাজেট উপস্থাপন করেন। তিনি আজীবন সদস্য/সদস্যাগণকে হাসপাতালের কর্মকান্ডে আরো সম্পৃক্ত হওয়ার জন্য আহবান জানান। কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন সভায় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১২ সালের আর্থিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও ২০১৩ সালের বাজেট উপস্থাপন করেন। সভায় আজীবন সদস্য/সদস্যাদের সর্বসম্মতিক্রমে জেনারেল সেক্রেটারীর বার্ষিক প্রতিবেদন, ২০১২ সালের হাসপাতাল ও মেডিকেল কলেজের আর্থিক প্রতিবেদন নিরীক্ষিত হিসাব ও ২০১৩ সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয়। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম বার্ষিক সাধারণ সভা অত্যন্ত সফল, সুন্দর ও সার্থক করে তোলার জন্য সকল আজীবন সদস্য/সদস্যাগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভাতে হাসপাতালের তত্ত্বাবধায়ক প্রকৌশলী অনুরূপ চৌধুরীকে ২০১২ সালের প্রেসিডেন্ট স্পেশাল এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এছাড়া হাসপাতালের বিভিন্ন বিভাগ থেকে নির্বাচিত কর্মকর্তা কর্মচারীগণকে বেষ্ট সার্ভিস এ্যাওয়ার্ড প্রদান করা হয়। সভাতে আরো বক্তব্য রাখেন আজীবন সদস্য জনাব শামসুল আলম, জনাব এমদাদুল আজিজ চৌধুরী, জনাব মোঃ শাহজাহান, মিসেস সাবিহা মুসা, জনাব আহসান উল্লাহ, আলহাজ্ব মোহাম্মদ উল্লাহ, জনাব জয়নাল আবেদীন, জনাব ইউসুফ বাহার চৌধুরী, জনাব হাসান মুরাদ, প্রফেসর আবু মনসুর, জনাব মোঃ মহসিন, এডভোকেট মোঃ সেলিম, জনাব মোঃ মাসুদ, জনাব দীন মোহাম্মদ, জনাব মোস্তফা নুর, ডাঃ মোঃ সানা উল্লাহ, আলহাজ্ব হাফজ কবির, নুরুন নবী লিটন, জনাব মোঃ সোলায়মান, জনাব মহিউদ্দিন মঞ্জুর, জনাব মোশারফ হোসেন, জনাব আবু নইম, অধ্যাপক ফসিহুল আলম শিবলী, মোঃ নিজাম উদ্দিন, জনাব ইমরান হাসান, জনাব মোঃ ইদ্রিস, এডভোকেট মাসুদ, জনাব মনোয়ার হোসেন মুন ও জনাব মাহমুদুর রহমান শাওন। সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণ হাসপাতালের সার্বিক কর্মকান্ডে ভূঁয়সী প্রশংসা করেন এবং বর্তমান কমিটিকে হাসপাতালের মহা পরিকল্পনা বাস্তবায়নে সামনের দিকে এগিয়ে যাওয়ার জন্য অনুপ্রেরণা প্রদান করেন। আগামী এজিএম এর পূর্বে ৮৫০ শয্যা হাসপাতাল ভবনের নির্মাণ কাজ আরো অনেক দূর এগিয়ে যাবে - এ প্রত্যাশা করেন। সভায় কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ মোঃ আরিফুল আমীন, ডাঃ কামরুন নাহার দস্তগীর, ডাঃ মোঃ শাহাদাৎ হোসেন, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, জনাব এস এম কুতুব উদ্দিন, ডাঃ মোঃ ফয়সল ইকবাল চৌধুরী, মিসেস রেখা আলম চৌধুরী, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ উপস্থিত ছিলেন। সভায় বিপুল সংখ্যক আজীবন সদস্য/সদস্যা অংশ গ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।

# President's Corner

## *The DREAM' with the definitive 'VISION' has gradually started to come to the sight*

The Medical college is one of the most commendable institute in the country with three batches of doctors already serving the nation and the fourth batch is appearing their final at this moment. Two Doctors from 1st batch have already started to climb the ladder in the Medical specialties by passing their FCPS part 1 examination recently in Medicine

8 specialties are recognized at this institute for FCPS part 11 training which is going to help tremendously the medical graduates to have their higher training leading to FCPS and higher qualification.

Construction of the 850 bedded ,14 storied Hospital building with an area of 5 lac 50 thousand sq ft is underway. This hospital when completed is expected to have all the specialties and super specialties to help the ailing humanities in the country. Meanwhile a 4 storied pre fabricated structure has been built to accommodate the growing needs of the hospital bed .

The construction of a modern Child development centre is nearly complete .This centre will be helping the children with low vision, hard of hearing and speech difficulty.

The nursing institute is the other projects which is producing quality nurses. The institute have an excellent result with 100% success rate in the past 3 examinations. The nursing College is going to be started soon to confer B.Sc and higher degrees in nursing.

The coronary care unit is a very busy department with low costs where the common people can efford to have treatment. ICU (Intensive care unit and HDU(High dependency medical care unit is ready to be opened.

Overall efficient medical support is being provided at this Institute. As the hospital is basically charitable ,financial situation has always been very poor. A large no of patients are being treated either free or with subsidized fee.

Donation of your Zakat can help the suffering poor's of the society and can aid to save their life in need. The organizers of the hospital l are committed to use the zakat fund purely on the basis of Islamic Sharia. I would like take the opportunity in this MOBARAK month of RAMADAN to appeal to all those who can efford to donate their zakat and other funds to aid the ailing humanities.

Thank you All.

**Professor M A Taher Khan**
Vice president
(President in charge).
Chattagram Maa-O-Shishu Hosptital
Agrabad, Chittagong.

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২য় ব্যাচের ইন্টার্নী ডাক্তারদের সমাপনী উৎসব অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২য় ব্যাচের ইন্টার্নী ডাক্তারদের সমাপনী উৎসব গত ১৫/০৬/২০১৩ ইং তারিখ হাসপাতাল ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রামের মাননীয় বিভাগীয় কমিশনার জনাব মোহাম্মদ আবদুল্লাহ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, এসএম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ ও প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, ডাঃ মোঃ আরিফুল আমীন, জনাব মোঃ রেজাউল করিম আজাদ, মিসেস রেখা আলম চৌধুরী, ডাঃ কামরুন নাহার দস্তগীর, মোঃ আনোয়ারুল ইসলাম, এস এম কুতুব উদ্দিন, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক ও উপ-পরিচালক (নার্সিং) ডা. মো. লিয়াকত আলী ভূঁইয়া প্রমুখ। অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নিঃসন্দেহে বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি ব্যতিক্রমধর্মী ও সেবামূলক প্রতিষ্ঠান। সমাজের বিভিন্ন পেশার অত্যন্ত প্রতিভাবান লোকজন এই প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সাথে জড়িত। তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। একই সাথে ছাত্র/ছাত্রীদের স্বতঃস্ফুর্ততা ও প্রানবন্ত অনুষ্ঠানমালার প্রশংসা করেন। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নের জন্য তার ব্যক্তিগত উদ্যোগ ও সরকারের পক্ষ থেকে সম্ভব সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য তার দরজা সব সময় উন্মুক্ত থাকবে বলে তিনি জানান। হাসপাতালের এই ধরনের একটি অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর জন্য তিনি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সমাপনী অনুষ্ঠানে ২য় ব্যাচের ইন্টার্নী ডাক্তারদের মধ্য থেকে সার্বিক পারফরমেন্স বিবেচনা করে ডাঃ শাফি রাইসুল মাহমুদকে এসএন্ডএফ করিম ট্রাস্টের পক্ষ থেকে গোল্ড মেডেল এ্যাওয়ার্ড প্রদান করা হয়। উল্লেখ্য যে, চমাশিহা মেডিকেল কলেজের প্রত্যেক ব্যাচ থেকে ইন্টার্নীশীপ শেষে একজন সেরা ছাত্রকে এই এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এই উপলক্ষে সকাল ১০:০০টায় জাতীয় পতাকা, কলেজ পতাকা, বেলুন উত্তোলন, বর্ণাঢ্য র‌্যালী ও ছাত্র/ছাত্রীদের অংশ গ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২য় ব্যাচের ইন্টার্নী ডাক্তার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রামের মাননীয় বিভাগীয় কমিশনার জনাব মোহাম্মদ আবদুল্লাহ*



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২য় ব্যাচের ছাত্র ডা. শাফি রাইসুল মাহমুদকে এস এন্ড এফ করিম ট্রাস্টের পক্ষ থেকে গোল্ড মেডেল এ্যাওয়ার্ড পদান করছেন ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর এএসএম ফজলুল করিম।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র ও শিশু নিউরোলজি ইউনিটের উদ্যোগে ৩দিন ব্যাপি কর্মশালা সমাপ্ত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র/শিশু নিউরোলজি ইউনিট ও Perkins International for the Blind USA এর যৌথ উদ্যোগে ৩ দিন ব্যাপি "Early Intervention with Global Development" শীর্ষক এক কর্মশালা চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ৩ দিন ব্যাপি এই কর্মশালায় মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ভারত থেকে আগত হেলেন কিলার ইনষ্টিটিউট ফর ডিফ এন্ড ডিফব্লাইন্ড এর ডাইরেক্টর (এডুকেশন) মিস শিলা সিনহা। কর্মশালায় চট্টগ্রামের বিভিন্ন শিশু প্রতিবন্ধি প্রতিষ্ঠানে কর্মরত ৩০ জন কর্মী অংশ গ্রহণ করেন। ৩দিন ব্যাপি কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর মাহমুদ এ চৌধুরী (আরজু)। কর্মশালায় অংশ গ্রহণকারী সকলকে সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, মা ও শিশু হাসপাতালে দীর্ঘদিন যাবৎ প্রতিবন্ধি শিশুদের জন্য আমরা কাজ করে যাচ্ছি। এই কর্মশালার মাধ্যমে প্রতিবন্ধি শিশুদের বিশেষ করে লো-ভিশন শিশুদের জন্য আমরা আরো অধিক কাজ করতে পারব। আমরা আশা করি কর্মশালায় অংশ গ্রহণকারীগণ এই কর্মশালার মাধ্যমে অনেক কিছু শিখতে পেরেছে যা তারা তাদের প্রতিষ্ঠানে প্রতিবন্ধি শিশুদের জন্য কাজে লাগাতে পারবেন। অনুষ্ঠানে মা ও শিশু হাসপাতালের পক্ষ থেকে সব সময় প্রতিবন্ধি শিশুদের জন্য সম্ভব সকল সহযোগিতা করার আশ্বাস প্রদান করা হয়। অনুষ্ঠানে মিস শিলা সিনহাকে কর্মশালায় অংশ গ্রহণ ও বাংলাদেশে আসার জন্য মা ও শিশু হাসপাতালের পক্ষ থেকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের মেডিকেল অফিসার ডাঃ ফাহিম হাসান রেজা ও কিনিক্যাল সাইকোলজিষ্ট ফারহানা আহমেদ।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র/শিশু নিউরোলজি ইউনিট-এর উদ্যোগে আয়োজিত কর্মশালায় বক্তব্য রাখছেন ভারত থেকে আগত হেলেন কিলার ইনষ্টিটিউট ফর ডিফ এন্ড ডিফব্লাইন্ড এর ডাইরেক্টর (এডুকেশন) মিস শিলা সিনহা।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে সান্ধ্যকালীন বহির্বিভাগ সেবা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে সান্ধ্যকালীন বহির্বিভাগ সেবা কার্যক্রম গত ১৯/০৬/২০১৩ ইং তারিখ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। চট্টগ্রামের মাননীয় জেলা প্রশাসক জনাব মোঃ আবদুল মান্নান আনুষ্ঠানিক ভাবে এই কার্যক্রম উদ্বোধন করেন। এ উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, ডাঃ সাহাদাত হোসেন, এস এম কুতুব উদ্দিন, হাসপাতাল ও মেডিকেল কলেজের অধ্যাপকবৃন্দ, শিক্ষক/শিক্ষিকা ও কর্মকর্তা কর্মচারীবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক জনাব মোঃ আবদুল মান্নান বলেন, নিঃসন্দেহে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল চট্টগ্রাম তথা এই অঞ্চলের একটি ব্যতিক্রমধর্মী ও অসাধারণ সেবামূলক প্রতিষ্ঠান। এটি বর্তমানে মডেল হাসপাতাল হিসেবে সারা দেশে ব্যাপকভাবে পরিচিত ও সমাদৃত। তিনি সান্ধ্যকালীন বহির্বিভাগ চিকিৎসা সেবা কার্যক্রম চালু করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। এটি একটি ব্যতিক্রমধর্মী উদ্যোগ। এই সেবার মাধ্যমে কর্মজীবিগণ ইভিনিং হাসপাতালে চিকিৎসা সেবা নিতে পারবেন এবং তারা বিশেষ ভাবে উপকৃত হবেন। তিনি হাসপাতালের বিভিন্ন বিভাগ পরিদর্শন করে হাসপাতালের সেবার মান ও কার্যক্রম দেখে খুবই প্রশংসা করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে একটি আন্তর্জাতিকমানের হাসপাতাল হিসেবে গড়ে তোলার জন্য আহবান জানান। বিশেষ করে নতুন হাসপাতাল ভবন নির্মিত হলে সেখানে সকল বিশেষায়িত চিকিৎসা সেবা সহ চিকিৎসা সেবার আন্তর্জাতিক মান বজায় রাখার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। মাননীয় জেলা প্রশাসক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে তার নিজের পক্ষ থেকে এবং সরকারের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। সভাপতি প্রফেসর এ এস এম ফজলুল করিম হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রম তুলে ধরেন। প্রেসিডেন্ট তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বর্তমানে ৫৫০ শয্যা বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল। এখানে সকল ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে। শিশু আইসিইউ, এনআইসিইউ, সিসিইউ, কিডনী ডায়ালাইসিস, ইউরোলজি, ল্যাপারোস্কোপিক সার্জারী, কনসালটেন্সি সার্ভিস, সাব-স্পেশালিটি কিনিক, প্রতিবন্ধি শিশুদের জন্য শিশু বিকাশ কেন্দ্র সহ বিশেষায়িত চিকিৎসা সুবিধা রয়েছে। খুব সহসা চালু করা হবে এডাল্ট আইসিইউ ও এইচডিইউ ইউনিট। ভবিষ্যতে আরো নতুন নতুন বিশেষায়িত চিকিৎসা সেবা চালু করা হবে। নতুন হাসপাতাল ভবন নির্মিত হলে সেখানে সকল ধরনের বিশেষায়িত চিকিৎসা সেবার ব্যবস্থা থাকবে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে বিশেষ করে নতুন হাসপাতাল ভবন নির্মাণে সরকার এবং সকল চট্টগ্রামবাসীর আন্তরিক সহযোগিতা কামনা করেন। এখানে উল্লেখ্য যে, ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন এই হাসপাতাল ভবন (১৩ তলা বিশিষ্ট) নির্মাণে প্রায় ১৮২ কোটি টাকা ব্যয় হবে। তিনি জেলা প্রশাসক মহোদয়কে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সান্ধ্যকালীন বহির্বিভাগ সেবা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করছেন চট্টগ্রামের মাননীয় জেলাপ্রশাসক জনাব মো. আবদুল মান্নান।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনস্টিটিউটের উদ্যোগে বিশ্ব নার্সেস দিবস পালিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনস্টিটিউটের উদ্যোগে বিশ্ব নার্সেস দিবস উপলক্ষে এক আলোচনা সভা গত ১২/০৫/২০১৩ ইং তারিখ হাসপাতালের সেমিনার হলে অনুষ্ঠিত হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ও নার্সিং সাব-কমিটির সদস্য সচিব ডাঃ এম মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য রেজাউল করিম আজাদ, মিসেস রেখা আলম চৌধুরী, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক। সভায় বক্তব্য রাখেন নার্সিং উপদেষ্টা মিসেস মালতী বড়ুয়া, নার্সিং প্রিন্সিপাল মিসেস ঝিনু রানী দাশ, নার্সিং সুপারিনটেনডেন্ট বিদ্যুৎ দেওয়ান প্রমুখ। এবারের বিশ্ব নার্সেস দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল "Closing the gap millennium development goal". সভায় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, নার্সিং পেশা চিকিৎসা সেবার একটি অবিচ্ছেদ্য অংশ। নার্সিং সেবা ছাড়া চিকিৎসা সেবা অচল। তিনি নার্সদের নিজেদেরকে আরো যোগ্য করে গড়ে তোলার জন্য পরামর্শ দেন। সভায় বক্তারা নার্সিং পেশাকে একটি মহান পেশা হিসেবে উল্লেখ করেন। নার্সদেরকে নার্সিং এর প্রতিষ্ঠাতা ফ্লোরেন্স নাইটিঙ্গেলের জীবনাদর্শ অনুসরণ ও রোগীদের সেবায় আরো নিবেদিত হওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র‌্যালী ও কেক কাটার আয়োজন করা হয়। সভায় আজ বিশ্ব মা দিবস উপলক্ষেও সকল মা-দেরকেও শুভেচ্ছা জানানো হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনস্টিটিউটের উদ্যোগে বিশ্ব নার্সেস দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে কেক কাটছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে গ্যাস্ট্রোএন্টারলজি ইউনিটের আনুষ্ঠানিক উদ্বোধন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে গ্যাস্ট্রোএন্টারলজি ইউনিট গত ২৯/০৬/২০১৩ ইং তারিখ থেকে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। বিজিএমইএ ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর প্রাক্তন ১ম সহ সভাপতি জনাব মোহাম্মদ আবদুছ সালাম আনুষ্ঠানিকভাবে এই কার্যক্রম উদ্বোধন করেন। এ উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খানের সভাপতিত্বে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ডাঃ মোঃ আরিফুল আমীন, ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, গ্যাস্ট্রোএন্টারলজি ইউনিটের বিভাগীয় প্রধান ডাঃ মোহাম্মদ ইউসুফ ও চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, জনাব আনোয়ারুল ইসলাম, মিসেস রেখা আলম চৌধুরী, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, ডাঃ মোঃ সাহাদাত হোসেন, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক অধ্যাপক মাহমুদ আহমেদ চৌধুরী (আরজু), হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ এ কে এম আশরাফুল করিম ও শিশু স্বাস্থ্য বিভাগের রেজিষ্ট্রার ডাঃ আবু সাইদ প্রমুখ। মত বিনিময় সভায় প্রধান অতিথি জনাব এম এ সালাম বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বর্তমানে বাংলাদেশে অত্যন্ত স্বনামধন্য প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। এই প্রতিষ্ঠানের পিছনে সমাজের প্রতিথযশা ব্যক্তিবর্গের শ্রম ও মেধা রয়েছে। সমাজের বিভিন্ন পেশার প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গ এই প্রতিষ্ঠানের সাথে জড়িত। মা ও শিশু হাসপাতাল তার অভিষ্ঠ লক্ষ্যে আরো সামনের দিকে এগিয়ে যাবে তিনি এই প্রত্যাশা করেন। তিনি মা ও শিশু হাসপাতালের উন্নয়নে সর্বাত্বক সহযোগিতা করার জন্য আশ্বাস প্রদান করেন এবং তাকে আমন্ত্রণ জানানোর জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সভাপতি প্রফেসর এম এ তাহের খান হাসপাতালের সার্বিক কার্যক্রম ও ভবিষ্যত পরিকল্পনার বিষয়ে সভাতে তুলে ধরেন। তিনি জনাব এম এ সালামকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এর আগে প্রধান অতিথি হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের গ্যাস্ট্রোএন্টারলজি ইউনিটের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ও বিজিএমইএ'র সাবেক প্রথম সহসভাপতি জনাব মো. আবদুছ সালামকে হাসপাতালের পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করছেন ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর ৮০ তম জন্মদিন পালিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর ৮০ তম জন্মদিন গত ১৯/০৬/২০১৩ ইং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে পালন করা হয়। এই উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রফেসর এ এস এম ফজলুল করিমকে ফুল দিয়ে জন্মদিনের শুভেচ্ছা জানানো হয়। সভায় তার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়। উল্লেখ্য, প্রফেসর এ এস এম ফজলুল করিম চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সাথে প্রতিষ্ঠা লগ্ন থেকে জড়িত। তিনি হাসপাতালের প্রতিষ্ঠাতা জেনারেল সেক্রেটারী হিসেবে দায়িত্ব পালন করেন। তার গতিশীল নেতৃত্বে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আজ দেশের একটি শীর্ষস্থানীয় হাসপাতাল হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রামের মাননীয় জেলা প্রশাসক জনাব মোঃ আবদুল মান্নান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, মিসেস রেখা আলম চৌধুরী, ডাঃ সাহাদাত হোসেন, এস এম কুতুব উদ্দিন, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক এবং হাসপাতাল ও মেডিকেল কলেজের অধ্যাপকবৃন্দ, শিক্ষক/শিক্ষিকা ও কর্মকর্তা কর্মচারীবৃন্দ। সভায় প্রফেসর ফজলুল করিমের বর্ণাঢ্য কর্মময় জীবনের উপর আলোচনা করা হয়।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম ৮০তম জন্মদিনে উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে কেক কাটছেন চট্টগ্রামের মামনীয় জেলাপ্রশাসক জনাব মোহাম্মদ আবদুল মান্নান।*

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব তারিক-উল-ইসলাম এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকাররের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব তারিক-উল-ইসলাম গত ২৮/০৬/২০১৩ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। এ সময় সচিব মহোদয়ের সহধর্মিনী মিসেস রেহেনা ইসলাম ও বিশিষ্ট কিডনী রোগ বিশেষজ্ঞ ডাঃ মোঃ ইকবাল উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস.এম. মোর্শেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব নূর মোহাম্মদ, কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক নার্সিং ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) মোঃ মোশাররফ হোসেন, সহকারী পরিচালক ডাঃ এ.কে.এম আশরাফুল আলম, গাইনী ও অবস বিভাগের রেজিষ্ট্রার ডাঃ আদিবা মালিক উপস্থিত ছিলেন। সচিব মহোদয় হাসপাতালের বিভিন্ন কার্যক্রম ও বিভাগ সমূহ পরিদর্শন করেন এবং পরিদর্শন শেষে হাসপাতাল কর্তৃপক্ষের সাথে এক মত বিনিময় সভায় মিলিত হন। সচিব মহোদয়কে হাসপাতালের সার্বিক কার্যক্রমের বিষয়ে অবহিত করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস.এম. মোর্শেদ হোসেন ও ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব নূর মোহাম্মদ। সচিব মহোদয় হাসপাতালের সার্বিক কার্যক্রমের ভূয়শী প্রসংশা করেন। তিনি উল্লেখ করেন নিঃসন্দেহে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান। সরকারের পাশাপাশি বেসরকারী খাতে এ প্রতিষ্ঠান চিকিৎসা সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখছে। যাহা স্বাস্থ্য খাতে সরকারের এম.ডি.জি লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে। সরকার চিকিৎসা সেবায় বেসরকারী খাতকে বিভিন্ন ভাবে সহযোগিতা করছেন। তিনি সরকার ও তাঁর মন্ত্রনালয়ের পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে সম্ভব সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি এ ব্যাপারে হাসপাতালের পক্ষ থেকে তাঁর মন্ত্রনালয়ে একটি প্রকল্প প্রস্তাব পাঠানোর জন্য পরামর্শ প্রদান করেন। সচিব মহোদয় ও তাঁর সহধর্মিনীকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শনে আসার জন্য হাসপাতালের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়।


*মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়েল মাননীয় সচিব জনাব তারিক-উল-ইসলাম চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করছেন।*

## নবনির্বাচিত চেম্বার প্রেসিডেন্ট জনাব মাহবুবুল আলম তালুকদার এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর নবনির্বাচিত সভাপতি জনাব মাহবুবুল আলম তালুকদার গত ১৩/০৪/২০১৩ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন এবং হাসপাতালের সম্প্রসারিত শিশু সার্জারী ওয়ার্ড আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। এ উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হাসপাতালের ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ। বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ডাঃ এম মাহফুজুর রহমান, জনাব এস এম মোরশেদ হোসেন, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ আরিফুল আমীন, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব আনোয়ারুল ইসলাম, ডাঃ সাহাদাত হোসেন, জনাব এস এম কুতুব উদ্দিন, মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। প্রধান অতিথি জনাব মাহবুবুল আলম তালুকদার তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল চট্টগ্রাম বাসীর জন্য একটি মাইল ফলক। সবাই এক বুক আশা নিয়ে এখানে চিকিৎসার জন্য আসেন এবং চিকিৎসা শেষে ফিরে যান। এখানকার লেখাপড়ার মানও অনেক ভাল। যা ইতিমধ্যেই দেশব্যাপি সুনাম অর্জন করেছে। তিনি বলেন, মা ও শিশু হাসপাতাল আরো সামনের দিকে এগিয়ে যাবে এটিই সকলের প্রত্যাশা। চট্টগ্রামকে একটি বিশ্বমানের শহর হিসেবে গড়ে তুলতে হলে এখানে বিশ্ব মানের হাসপাতাল ও চিকিৎসা সেবার প্রয়োজন রয়েছে। চট্টগ্রাম মাও শিশু হাসপাতাল সে চাহিদা পুরন করবে এটিই দেশবাসীর প্রত্যাশা। সেজন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে একটি বিশ্বমানের হাসপাতাল হিসেবে গড়ে তুলতে চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর পক্ষ থেকে সর্বাত্বক সহযোগিতা করা হবে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে সব সময় পাশে থাকবেন এই প্রতিশ্রুতি ব্যক্ত করেন। তিনি বর্তমান কার্যনির্বাহী কমিটিকে হাসপাতালের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্য চট্টগ্রামবাসী ও চেম্বারের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষ থেকে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম নবনির্বাচিত চেম্বার প্রেসিডেন্টকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এর আগে প্রধান অতিথি হাসপাতালের সম্প্রসারিত শিশু সার্জারী ওয়ার্ডটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।


*চট্টগ্রাম মা ও শিশুহাসপাতালের সম্প্রসারিত শিশু সার্জারী বিভাগের আনুষ্ঠানিক উদ্বোধন করছেন নবনির্বাচিত চেম্বার প্রেসিডেন্ট জনাব মাহবুবুল আলম তালুকদার।*

# CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **April to June 2013**

| **Out Patient Dept. :** | **April '13** | **May'13** | **June '13** |
|---|---|---|---|
| Paediatric (Ticket) | 4032 | 4257 | 4219 |
| Paediatric Medicine | 4032 | 4257 | 4219 |
| Adult Patient (Medicine) | 1283 | 1198 | 1554 |
| **Consultancy Service :** | | | |
| Consultancy Service (Paediatric) | 830 | 647 | 739 |
| Consultancy Service (Adult) | 278 | 278 | 342 |
| Obs. & Gynae | 1585 | 1654 | 1783 |
| Surgical (Paediatric) | 496 | 515 | 507 |
| Surgical (General) | 428 | 454 | 373 |
| Mini O.T. | 396 | 393 | 392 |
| ENT | 988 | 667 | 843 |
| Orthopaedics | 603 | 575 | 643 |
| Skin Diseases | 662 | 481 | 601 |
| Eye | 544 | 441 | 557 |
| Dental Cases | 471 | 425 | 486 |
| ORT | 50 | 40 | 30 |
| Psychology | 56 | 85 | 128 |
| Neurology | 211 | 260 | 238 |
| Asthma Clinic | 373 | 99 | 149 |
| Family Planning | 179 | 160 | 120 |
| Psychiatry | 113 | 110 | 131 |
| Dots Corner | 84 | 77 | 57 |
| Spech Therapy | 46 | 33 | 63 |
| Physiotherapy | 570 | 643 | 548 |
| L.M.C | 43 | 50 | 45 |
| Referred Casses | 318 | 347 | 82 |
| E.P.I | 1210 | 1034 | 981 |
| Gastroenterology Unit | - | 29 | 143 |
| **In-Patient Department :** | | | |
| Paediatric (Admission) | 3033 | 3157 | 3088 |
| Maternity (Admission) | 493 | 533 | 559 |
| Neonatal (Admission) | 192 | 191 | 215 |
| Adult Medicine (Admission) | 407 | 411 | 417 |
| CCU (Admission) | 19 | 27 | 30 |
| Paediatric Surgery (Admission) | 144 | 154 | 170 |
| Paediatric Surgery (Operation) | 81 | 112 | 88 |
| Operation Obs. & Gynae | 251 | 254 | 391 |
| General Surgery (Admission) | 142 | 159 | 153 |
| General Surgery (Operation) | 22 | 22 | 33 |
| Orthopadic Surgery (Admission) | 56 | 48 | 60 |
| Orthopadic Surgery (Operation) | 26 | 11 | 27 |
| E.N.T. (Admission) | 18 | 21 | 19 |
| E.N.T. (Operation) | 11 | 08 | 07 |
| Eye (Admission) | 01 | 01 | 02 |
| Cabin (Admission) | 278 | 335 | 280 |
| Pathology | 4377 | 4419 | 4432 |
| Radiology | 1788 | 1712 | 1795 |
| Ultrasanography | 826 | 779 | 894 |
| E.C.G | 380 | 280 | 310 |
| Kidney Dialysis | 247 | 226 | 203 |
| Echocardiogram | 38 | 43 | 49 |
| Emergency | 4488 | 4474 | 4399 |
| Total Deth | 34 | 46 | 36 |
| Hospital Income | 17683660 | 17021434 | 18805540 |
| Othe Income | **348141** | **711014** | **2918428** |

## *DONORS OF -April, May & June -2013*

| **Materials** | **April** | **May** | **June** |
|---|---|---|---|
| Aide medical & development(AMD) France. (O.T Table) | 465805 | 0 | 0 |
| **Total :** | **465805** | **0** | **0** |
| **Medicin Received:** | | | |
| Popular Pharmacy | 0 | 5575 | 0 |
| Prof.(Dr) M. A.Taher Khan. | 0 | 0 | 8329 |
| **Total :** | **0** | **5575** | **8329** |
| **Cash:** | | | |
| C M P Donation | 30000 | 30000 | 30000 |
| GOB.Grant (Ministry of Health) | 0 | 0 | 2500000 |
| Mr,Sharequl Islam. | 25000 | 0 | 0 |
| Mr,Naved Ahmed | 0 | 5000 | 0 |
| Inner wheel Club of Chittagong, | 0 | 10000 | 0 |
| Lion s Club of Chittagong | 0 | 0 | 7200 |
| **Tatal:** | **55000** | **45000** | **2537200** |
| **Donation of The Month:** | **520805** | **50575** | **2545529** |
| **Benevolent Fund Received:** | | | |
| Received From M.R Card. | 4199 | 37400 | 29600 |
| Chattagram Maa,Shisho-O-General Hospital. | 164400 | 176836 | 170214 |
| Mrs. Nadera Banu Begum. | 10000 | 10000 | 1000 |
| Prof. Dr. Jafrul Hannan. (Liton). | 2160 | 0 | 1620 |
| Mrs Deanne Birth. | 0 | 59500 | 0 |
| Matron & All Nursing Staff (CMOSH). | 600 | 600 | 600 |
| **Tatal:** | **181359** | **284336** | **203034** |
| **Zakat Received:** | **0** | **0** | **0** |

## দৃষ্টি আকর্ষণ

- চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে সান্ধ্যকালীন বহির্বিভাগ সেবা কার্যক্রম চালু করা হয়েছে।
- হাসপাতালে সিসিইউ ও কিডনী ডায়ালাইসিস সেবা চালু আছে।
- গ্যাস্ট্রোএন্টারলজি বিভাগে অত্যাধুনিক মেশিন ও বিশেষজ্ঞ চিকিৎসকের মাধ্যমে ইআরসিপি, ভিডিও এন্ডোসকপি ও কলোনোস্কোপি করা হচ্ছে।
- এনআইসিইউ ও শিশু আইসিইউ ইউনিটে অত্যাধুনিক মেডিকেল যন্ত্রপাতি সমৃদ্ধ করা হয়েছে।
- খুব শিঘ্রই এডাল্ট আইসিইউ, এইচডিইউ ও স্টেপ ডাউন ইউনিট চালু করা হবে।

ডা. আবু তারেক ইকবাল, সহযোগী অধ্যাপক, মেডিসিন হাসপাতালে নিয়মিত রোগী দেখছেন।

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Jambooree Field, Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web Site : www.maa-shishu-ctg.org**

# চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের "যাকাত ফান্ড" এ যাকাত প্রদানের আবেদন

জনাব/ জনাবা,

আসসালামু আলাইকুম।

চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল সম্পূর্ণ বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত এবং জনসাধারণের অর্থানুকূল্যে পরিচালিত একটি অলাভজনক ও জনহিতকর প্রতিষ্ঠান। বর্তমানে ইহা ৫৫০ শয্যা বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল হিসাবে পরিচালিত হচ্ছে। হাসপাতালে বর্তমানে বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে সিসিইউ সার্ভিস, শিশু আইসিইউ, নিওনেটাল আইসিইউ, কিডনী হেমোডায়ালাইসিস, পেরিটোনিয়াল ডায়ালাইসিস, ইউরোলজি সার্জারী, ল্যাপারোস্কোপিক সার্জারী (শিশু ও বয়স্ক), ডেন্টাল, ফিজিক্যাল মেডিসিন, শিশু বিকাশ কেন্দ্র (শারীরিক ও মানসিক প্রতিবন্ধী শিশুদের চিকিৎসা সেবা), মানসিক রোগ বিভাগ, এ্যজমা ক্লিনিক, ক্লাব ফুট ক্লিনিক (জন্মগত পা বাঁকা শিশুদের জন্য), বিশেষজ্ঞ চিকিৎসকদের কনসালটেন্সি সার্ভিস এর ব্যবস্থা রয়েছে। এছাড়া মেডিসিন, শিশু স্বাস্থ্য, জেনারেল সার্জারী, অর্থোপেডিক সার্জারী, শিশু সার্জারী, আই, ইএনটি ও অবস এন্ড গাইনী আন্তঃ ও বহির্বিভাগে সকল ধরনের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।

বিগত অর্থ বছরে হাসপাতালে বহির্বিভাগে ৩১,৮১,৩০৩ জন এবং আন্তঃবিভাগে ৫,৬০,৮৪৪ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। অসহায় ও গরীব রোগীদের যাকাত ফান্ড, দরিদ্র কল্যাণ তহবিল ও অন্যান্য ফান্ড থেকে গত বছরে প্রায় ১ কোটি ৪৪ লক্ষ টাকা বিভিন্নভাবে সহযোগিতা করা হয়েছে। শুধুমাত্র কিডনী ডায়ালাইসিস রোগীদের জন্য গত ১ বছরে যাকাত ফান্ড থেকে প্রায় ৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। কোন রোগীকেই টাকার অভাবে চিকিৎসার জন্য এখান থেকে ফেরত দেয়া হয় না - এটি আমাদের অন্যতম লক্ষ্য। আপনার যাকাতের অর্থ একজন অসহায় ও দুঃস্থ রোগীকে বেঁচে থাকার জন্য সহায়তা করবে। অতএব আপনার যাকাতের একটি উল্লেখযোগ্য অংশ "চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের যাকাত ফান্ডে" প্রদানের জন্য আবেদন জানাচ্ছি। হাসপাতালের সকল আজীবন সদস্য/সদস্যা, ডোনার, পৃষ্ঠপোষক ও সমাজের সকল বিত্তশালীদের হাসপাতালের যাকাত ফান্ডে যাকাতের একটি বিশেষ অংশ প্রদানের জন্য আমরা বিনীত অনুরোধ জানাচ্ছি।

আমরা এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, যাকাত ফান্ডে প্রাপ্ত অর্থ সম্পূর্ণ পৃথকভাবে **"চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল যাকাত ফান্ড" সঞ্চয়ী হিসাব নং-০২০০৫২৬৩ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আগ্রাবাদ** শাখায় সংরক্ষণ করা হয় এবং ইসলামী শরীয়াহ অনুযায়ী ব্যয় করা হয়।

নিবেদক,

**নুর মোহাম্মদ**
ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী, কার্যনির্বাহী কমিটি
চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল
আগ্রাবাদ, চট্টগ্রাম।

EDITORIAL BOARD :

Chief Editor : **Dr. Anjuman Ara Islam** • Executive Editor **: Nur Mohammad,**
Editor : **Md. Rezaul Karim Azad** • Published by : **Engineer Md. Jabed Absar Chowdhury**
Printed by : **Pack Art & Roby Printers. Phone : 626333**